উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ -৮৫২ (৪০) তারিখ ঃ ২৬ শ্রাবণ ১৪৩২। / ১০ আগস্ট ২০২৫।

বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ১৪ আগস্ট, ২০২৫ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের আগস্ট, ২০২৫ মাসের মাসিক সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ১৩-০৮-২০২৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

১০/০৮/২৫

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার।
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

Ahmed
১০/০৮/২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৬) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) চেয়ারম্যান, ........................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) জনাব....................................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ -৮৫২ (৪০)/১(৪) তারিখ ঃ ২৬ শ্রাবণ ১৪৩২। / ১০ আগস্ট ২০২৫।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ**

১। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।
৪। অফিস নথি।

১০/০৮/২৫

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার।
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

Ahmed
১০/০৮/২৫

# উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : আগস্ট, ২০২৫   সভার তারিখ: ১৪/০৮/২০২৫, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৩ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01710871873 | | |
| ৪ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01932460103 | haifizsaul@gmail.com | |
| ৬ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01763-204772 | md.rashadislam72@gmail.com | |
| ৭ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01913607672 | ueofulkuri@gmail.com | 28/08/2025 |
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | useofulbarikurigram@gmail.com | 28.8.25 |
| ৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01775781128 | usso.fulbari@dss.gov.bd | |
| ১০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01723321723 | piofulbari23@gmail.com | |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01743069747 | | 28/08/25 |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01719547788 | biduroy1979@gmail.com | 28.08.25 |
| ১৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01303365324 | anwar.abir.454545@gmail.com | |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01712413762 | | |
| ১৬ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01700425104 | | |
| ১৭ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | [illegible] | [illegible] | |

## উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : আগস্ট, ২০২৫ সভার তারিখ: ১৪/০৮/২০২৫, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01720047348 | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01725193366 | | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01774548136 | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |

# উপজেলা পরিষদ

## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

**আগস্ট, ২০২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | রেহেনুমা তারান্নুম<br>প্রশাসক, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| তারিখ | ঃ | ১৪ আগস্ট, ২০২৫। |
| সময় | ঃ | বেলা ১১.০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি জনাব রেহেনুমা তারান্নুম, প্রশাসক, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়- (বিভাগীয় কার্যাবলী)** আলোচনা **:**

<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>উপজেলা প্রাণি সম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। দুধ, ডিম, মাংসের বাজার নিয়ন্ত্রণ রোধে প্রতিনিয়ত বাজার মনিটরিং চলমান রয়েছে। তিনি তাঁর দপ্তর কর্তৃক পরিচালিত জুলাই, ২০২৫ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২২৮০টি</td></tr>
<tr><td>২</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১২৬২৫টি</td></tr>
<tr><td>৩</td><td>গবাদি পশুর টিকা প্রদান (সংখ্যা)</td><td>৬২২টি</td></tr>
<tr><td>৪</td><td>হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)</td><td>৩০০০০টি</td></tr>
<tr><td>৫</td><td>গবাদি পশুর কৃত্রিম প্রজনন</td><td>৩০০টি</td></tr>
<tr><td>৬</td><td>শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>১২৬ টি</td></tr>
<tr><td>৭</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০৪টি</td></tr>
<tr><td>৮</td><td>উঠান বৈঠকে অংশগ্রহণকারীর সংখ্যা</td><td>১০৪ জন</td></tr>
<tr><td>০৯</td><td>উন্নত জাতের ঘাষ চাষ কার্যক্রম</td><td>১.৮০ একর</td></tr>
<tr><td>১০</td><td>পোষা প্রাণির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>০৪</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশুর অন্যান্য রোগ সম্পর্কে সজাগ থাকতে হবে এবং রোগাক্রান্ত পশু জবাই না করাসহ প্রতিনিয়ত বাজার মনিটরিং কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>উপজেলা কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান যে,<br>(ক) কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে খরিপ-২ মৌসুমে অত্র উপজেলায় মোট ৭০ জন চাষীকে মাসকলাই বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে।<br>(খ) রংপুর বিভাগ গ্রামীণ ও কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় মোট ১০টি কৃষক গ্রুপের মাঝে ১০টি রাইস ট্রান্সপ্লান্টার যন্ত্র বিতরণ করা হয়েছে।<br>(গ) চলতি খরিপ-২ মৌসুমে উপজেলায় মোট ১১৩৮০ হেঃ জমিতে রোপা আমন ধান চাষের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং আমন ধানের চাষ হয়েছে। রোপা আমন ধান বর্তমান কুশি অবস্থায় আছে। কাঙ্খিত ফলন পেতে মাঠ কর্মকর্তাগণের মাধ্যমে কৃষক ভাইদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে।<br>(ঘ) ডিলার পর্যায়ে রাসায়নিক সার মজুদ ও বিতরণ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এ ব্যাপারে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মাধ্যমে সার ডিলারের দোকান পরিদর্শন ও মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে।</td><td>কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মনিরটরিং কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
</table>

(চলমান পাতা/২)

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মৎস্য আইন বাস্তবায়নে বিভিন্ন হাট বাজার পরিদর্শন করা হয়। মৎস্য চাষির পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান চলমান রয়েছে। আগামী ১৮/০৮/২০২৫ তারিখ হতে ২৪/০৮/২০২৫ তারিখ পর্যন্ত জাতীয় মৎস সপ্তাহ-২০২৫ উদযাপন করা হবে। | সভায় আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রমসহ মৎস্য সম্পদের উন্নয়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। পারফরমেন্স বেইজ গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI) স্কিমের আওতায় শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরস্কার বিতরণ প্রক্রিয়াধীন।<br>২। শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ হতে ৯ম শ্রেণির পর্যন্ত টাইফয়েড ভ্যাকসিন রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান।<br>৩। এমপিও ভূক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে জলবায়ু পরিবর্তন সচেতনতা বিষয়ক কার্যক্রম (বৃক্ষ রোপণ, বিতর্ক প্রতিযোগিতা, দেয়ালিকা প্রকাশ) চলমান।<br>৪। সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতাভুক্ত উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের মোবাইল ব্যাংকিং একাউন্ট নগদে রূপান্তর কার্যক্রম চলমান।<br>৫। প্রতিভাবান ক্ষুদে ক্রিকেটারদের সন্ধানে (পিকেসিএসবিডি) ক্রিকেট ট্যালেন্ট হান্ট- ২য় পর্ব বাস্তবায়ন কার্যক্রম চলমান।<br>৬। প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য শিক্ষকগণের এ্যানড্রয়েড সেটে e-mail ও facebook, WhatsApp এর মাধ্যমে "ফুলবাড়ী কুড়িগ্রাম শিক্ষা পরিবার" গ্রুপ থেকে তথ্য আদান প্রদান চলমান। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তাঁর দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়িত হয়েছে :<br>১। ১৪৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মাল্টিমিডিয়া প্রজেক্টর বিতরণ করা হয়েছে।<br>২। ২য় প্রান্তিক মূল্যায়নের কার্যক্রম চলমান রয়েছে।<br>৩। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকগণের হাজিরা হোয়াটসআপ এ আপলোড বিষয়ক কার্যক্রম চলমান রয়েছে।<br>৪। মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রতিদিন একটি করে শ্রেণি পাঠদান কার্যক্রম চলমান রয়েছে।<br>৫। প্রাথমিক বৃত্তি পরীক্ষা/২০২৫ এর ডিআর আপলোড কাজ বিদ্যালয় পর্যায়ে চলমান।<br>৬। বিদ্যালয় বড় ধরনের মেরামত ০৭টি ও ফ্লাড সেল্টার প্রভাতি প্রজেক্ট ০১টি এবং রিভার প্রজেক্ট ০১টি কাজ চলমান।<br>৭। ১৪৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মধ্যে ৩৮টিতে ওয়াশব্লক এর কাজ চলমান। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৩)

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর কর্মসূচির আওতায় অত্র উপজেলায় ২০২৪-২০২৫ অর্থবছরে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার টাকা প্রেরণ করা হয়েছে। সুদ মুক্ত ঋণ কার্যক্রমের আওতায় পল্লী সমাজসেবা কার্যক্রমের খাতে ৫,০০,০০০/- টাকা বিনিয়োগ করা হয়েছে। ক্যান্সার, কিডনি, লিভার, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগতহৃদরোগ, থ্যালাসামিয়া আক্রান্ত রোগীদের আর্থিক সাহায্যের ১৭ জনের আবেদন জেলা সমাজসেবা অফিসে প্রেরণ করা হয়েছে। বেসরকারি এতিমখানা ক্যাপিটেশনগ্রান্ট প্রাপ্ত এতিম নিবাসী ১১৮ জনের বিপরীতে ২০২৪-২০২৫ অর্থবছরে ২য় কিস্তির ১৪,১৬,০০০/- টাকা প্রদান করা হয়েছে। | উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন ভাতা বিতরণ কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভিন্ন প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। মোট ঋণ আদায় ৩,৫০,০০০/- টাকা এবং খেলাপি ঋণ আদায় ১,৫৬,০০০/- টাকা। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামীন জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ প্রদান কার্যক্রম চালু রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে:<br>০১। (ক) জুলাই, ২০২৫ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতের আওতায় ৮৫৫ জনকে ১,৮১,৮৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) জুলাই, ২০২৫ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮২৫৪ জনকে ১৭,৭৩,৬৯,০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) জুলাই, ২০২৫ পর্যন্ত উত্তরবঙ্গ ২য় পর্ব প্রকল্পের আওতায় ৩৬২ জনকে ১,০৭,৭৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>২। জুলাই, ২০২৫ পর্যন্ত ৮৭০৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৩। ঋণ আদায়ের হার আত্মকর্ম-৯১%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৮৮% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>১। ভিডব্লিউবি ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগীদের তালিকা প্রস্তুত প্রক্রিয়াধীন।<br>২। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "মা ও শিশু সহায়তা" কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে অনলাইনে আবেদন চলমান রয়েছে।<br>৩। অত্র কার্যালয়ে রাজস্ব ডব্লিউটিসি (সেলাই প্রশিক্ষণ) চলমান রয়েছে।<br>৪। অত্র উপজেলায় ৬টি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। উক্ত ৬টি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ জন সদস্য রয়েছে। | সভায় আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্তকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৪)

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- | --- |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক গত আগস্ট, ২০২৫ মাসে নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করা হয়:<br>ফুলবাড়ী উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা = ৪৩৭৮০ জন, পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা = ৩৪৫০৭ জন, এবং পদ্ধতি গ্রহণকারীর হার ৭৮.৮২%<br>১। পুরুষ বন্ধ্যাকরণ-০০, ২। মহিলা বন্ধ্যকরণ-০০ জন; ৩। আইইউডি-১৫ জন; ৪। ইমপ্লান-৫০ জন, ৫। ইনজেকশন-২১০৪ জন, ৬। খাবার বড়ি ২৯১৫ জন; ৭। কনডম-২২৪ জন; ৮। মোট গর্ভবতী সংখ্যা-১৩৮৮ জন; ৯। সেবা প্রাপ্ত গর্ভবতীর সংখ্যা ৫৪৫ জন, ১০। মোট প্রসব সংখ্যা-১৮৩ জন; ১১। ০-০৫ বছরের শিশুর সেবা- ৩২১ জন; ১২। সাধারণ রোগীর সেবা-২২২৯ জন। এছাড়াও পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা, ফুলবাড়ী, কুড়িগ্রাম |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরো জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৭টি কমিউনিটি ভিত্তিক পানির উৎসের কাজ চলমান রয়েছে। মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি প্রকল্পের আওতায় ১৩৭৪টি টুইন পিট ল্যাট্রিনের কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যাবলীসহ গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ীকে বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ | জনাব মোঃ হারুন অর রশিদ, চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, তার ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধন এর কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | আলোচনান্তে ফুলবাড়ী ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ | জনাব মো: হাছেন আলী, চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন এর কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। গ্রাম পর্যায়ের রাস্তা গুলো চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। | আলোচনান্তে নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, নাওডাঙ্গা, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ | জনাব মো: শরীফুল আলম মিয়া, চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, তার ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন মৃত্যু নিবন্ধন এর কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। তিনি আরো জানান যে, মিয়াপাড়া হতে হক বাজার পর্যন্ত রাস্তা চলাচলের অনুপযোগী হওয়ায় মেরামতের জন্য এবং তার ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয় গুলো নিয়মিত মনিটরিং কারার অনুরোধ জানান। | আলোচনান্তে শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধন সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, শিমুলবাড়ী, ফুলবাড়ী কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৫)

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ | জনাব মোহাম্মদ আলী শেখ, চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, তার ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন মৃত্যু নিবন্ধন এর কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | আলোচনান্তে ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধন সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, ভাঙ্গামোড়, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| কাশিপুর ইউনিয়ন পরিষদ | জনাব মোঃ মনিরুজ্জামান মিয়া, চেয়ারম্যান, কাশিপুর ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, তার ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধন এর কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। তিনি আরো জানান যে, ঘুঘুরহাট হতে কাশেম বাজার রাস্তা চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। রাস্তাটি মেরামত করা একান্ত প্রয়োজন। | আলোচনান্তে কাশিপুর ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, কাশিপুর, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| বড়ভিটা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, তার ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধন এর কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | আলোচনান্তে বড়ভিটা ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধন সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। ইউপি প্যানেল চেয়ারম্যান, বড়ভিটা, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| উপজেলা পরিষদ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, ইতোপূর্বে অর্থ মন্ত্রণালয়ের ১৪/৭/২০০৩খ্রি. তারিখের ১৪৮৯ নম্বর পরিপত্রের প্রেক্ষিতে "কাজ নাই মজুরি নাই" সংক্রান্ত পরিপত্রের আলোকে একজন মালী ও একজন পরিচ্ছন্নতাকর্মী হিসেবে নিয়োগকৃত শ্রমিকের মজুরি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সরকারি বিধি অনুযায়ী দৈনিক ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা হারে জুলাই/২০২৫ মাসে ৫৫০X৩১=১৭,০৫০/-টাকা হারে মজুরি প্রদান করা হয়। কিন্তু অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, প্রবিধি-২ অধিশাখার ২২ মে ২০২৫ তারিখের ১৩০ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনে জুলাই/২০২৫ মাস হতে উক্ত শ্রমিকের দৈনিক মজুরি ৭০০/- (সাতশত) টাকা নির্ধারণ করা হয়েছে। একই মন্ত্রণালয়ের ১৫ এপ্রিল ২০২৫ তারিখের ১০০ নম্বর স্মারকে জারীকৃত "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫" অনুযায়ী একজন শ্রমিককে ২২ (বাইশ) দিনের বেশী কর্মে নিয়োজিত রাখা যাবেনা। কিন্তু উক্ত প্রজ্ঞাপন ও নীতিমালা অত্রাফিস দেরীতে প্রাপ্ত হওয়ায় অত্র উপজেলা পরিষদে নিয়োজিত মালী ও পরিচ্ছন্নতাকর্মীকে জুলাই/২০২৫ মাসের শ্রমিক মজুরি পূর্ব নির্ধরিত হারে অর্থাৎ ৫৫০X৩১=১৭,০৫০/-টাকা হারে প্রদান করা হয়। কিন্তু অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, প্রবিধি-২ অধিশাখার ২২ মে ২০২৫ তারিখের ১৩০ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের আলোকে একজন শ্রমিকের মজুরি ৭০০/- টাকা হারে ২২দিনের মজুরি ৭০০X২২=১৫,৪০০/- টাকার বেশী প্রদান করা যায়না। সেমতে নিয়োজিত শ্রমিককে ১৭০৫০-১৫৪০০=১৬৫০/- (এক হাজার ছয়শত পঞ্চাশ) টাকা অতিরিক্ত প্রদান করা হয়েছে। অতিরিক্ত ১৬৫০/- (এক হাজার ছয়শত পঞ্চাশ) টাকা হারে নিয়োজিত ০২জন শ্রমিক ১৬৫০X২=৩৩০০/- (তিন হাজার তিনশত) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা প্রদান করে জমার রশিদ (নং-খ 0242662 তারিখ- ১৪/০৮/২০২৫) দাখিল করেছেন। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা করা হলো। | দেরীতে প্রাপ্ত প্রজ্ঞাপনের কারণে অত্র উপজেলা পরিষদে নিয়োজিত ০২জন শ্রমিকের অতিরিক্ত মজুরি ৩৩০০/- (তিন হাজার তিনশত) টাকার জমা রশিদ সংশ্লিষ্ট নথি/ক্যাশ বহিতে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। যাতে ভবিষ্যতে অডিট কর্তৃপক্ষকে প্রদর্শন করা যায়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা পরিষদের বিবিধ আলোচনা | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ক্যাম্পাস, উপজেলা পরিষদ হলরুম, আনসার সেডে ব্যবহৃত আগস্ট/২০২৫ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ = ১৯,১০১/- (উনিশ হাজার একশত এক) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় আলোচনান্তে উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ক্যাম্পাস, উপজেলা পরিষদ হলরুম, আনসার সেডে ব্যবহৃত আগস্ট/২০২৫ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ= ১৯,১০১/- (উনিশ হাজার একশত এক) টাকার বিল পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮/০৮/২৫

(রেহেনুমা তারান্নুম)
সভাপতি
মাসিক সাধারণ সভা
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
www.phulbari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০ ০১.২৩- ৮৭১

তারিখ ঃ ০২ ভাদ্র ১৪৩২। / ১৭ আগস্ট ২০২৫।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব, ........................................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৮। উপজেলা.......................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান.............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। জনাব................................................................, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। নোটিশ বোর্ড।
১২। অফিস নথি।

১৭/০৮/২৫

(রেহেনুমা তারান্নুম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০২৫৮৯৯-৫৩৪১১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd